

একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
উপজেলা কার্যালয়, বগুড়া সদর, বগুড়া  
<https://doict.sadar.bogra.gov.bd>

স্মারক নম্বর: ৫৬.০৪.১০২০.০০০.২৫.০০১.২৩-১০

তারিখ: ১৪ জৈষ্ঠ্য ১৪৩০ বঙ্গাব্দ  
২৮ মে ২০২৩ খ্রিস্টাব্দ

## বিজ্ঞপ্তি

বিষয়: ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের জন্য আবেদন আহ্বান।

ডিজিটাল বাংলাদেশকে স্মার্ট বাংলাদেশের রূপান্তরের মাধ্যমে অর্থনৈতিক, সামাজিক উন্নয়ন এবং দেশের মানব সম্পদকে বিশ্বমানের হিসেবে গড়ে তোলার জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের আওতায় বেকার যুবকদের কর্মসংস্থানের নিমিত্ত বগুড়া সদর উপজেলায় ১৫ দিন ব্যাপী মোট ৪৫ ঘণ্টার ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ কার্যক্রম সম্পূর্ণ বিনামূল্যে পরিচালনা করা হবে। আগ্রহী, দক্ষ ও মনযোগী বগুড়া সদর উপজেলার স্থায়ী নাগরিকদের নিম্নোক্ত সময়সূচি ও শর্তাবলী অনুসরণ পূর্বক নির্ধারিত ফর্মে আবেদন পত্র আহ্বান করা যাচ্ছে।

কোর্সের নাম: ডিজিটাল মার্কেটিং

আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ: ১২ জুন ২০২৩, বিকাল ৪:০০ টা


আবেদনপত্র জমা দেয়ার স্থান: উপজেলা আইসিটি কার্যালয়, উপজেলা পরিষদ কমপ্লেক্স (২য় তলা), বগুড়া সদর, বগুড়া।

প্রশিক্ষার্থীর যোগ্যতা:

- ১) ১৮-৩৫ বছর বয়সী বাংলাদেশী নাগরিক।
  - ২) ন্যূনতম এইচ.এস.সি পাশ ও ইংরেজীতে দক্ষ হতে হবে।
  - ৩) এম.এস.ওয়ার্ড, এক্সেল, ফটোশপ, ইলাস্ট্রেটর ও কম্পিউটার পরিচালনায় দক্ষ।
  - ৪) নিজস্ব ল্যাপটপ আছে এমন প্রার্থী অগ্রাধিকার পাবেন।
  - ৫) ফ্রিল্যান্সিং এ আগ্রহী ও মনযোগী হতে হবে।
- প্রশিক্ষার্থীদের অভিজ্ঞ ফ্রিল্যান্সারদের তত্ত্বাবধানে প্রশিক্ষণের সুযোগ রয়েছে।
  - বাংলাদেশের সেরা ফ্রিল্যান্সার কমিউনিটির সাথে বিভিন্ন প্রাটফর্মে ও প্রজেক্টে কাজ করার সুযোগ থাকবে।
  - প্রশিক্ষণ সমাপ্তে সরকারি সার্টিফিকেট প্রদান করা হবে।
  - বিস্তারিত তথ্যের জন্য <https://sadar.bogra.gov.bd> ও <https://doict.sadar.bogra.gov.bd> ওয়েবসাইট ভিজিট করার অনুরোধ করা হলো।

**বিশেষ দৃষ্টব্য: প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের কোন প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে না।**

\*\* আবেদনকৃত প্রশিক্ষার্থীদের নির্ধারিত তারিখ ও সময়ে লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। পরীক্ষার তারিখ ও সময় পরবর্তীতে উপজেলা ওয়েব পোর্টাল ও আইসিটি অধিদপ্তরের উপজেলা পোর্টালে জানিয়ে দেওয়া হবে। পরীক্ষায় উত্তীর্ণ প্রশিক্ষার্থীদের নিয়ে বিনামূল্যে এই প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা হবে।

  
২৮/০৫/২৩

(মোঃ আলমাহমুদ সরকার)

সহকারী প্রোগ্রামার

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

বগুড়া সদর, বগুড়া

মোবাইল: ০১৭১৮৬৭৩২৪৯

ই-মেইল: mahmudsarker4930@gmail.com